

টিকা

সুস্থ থাকতে আপনার টিকা নিন

টিকা হল একপ্রকারের ইঞ্জেকশন যা আপনাকে অসুস্থ হওয়া থেকে রক্ষা করতে সাহায্য করে


আমার টিকা র প্রয়োজন কেন?

আমেরিকায় এমন অনেক রকমের অসুখ ছিল যা সাধারণ মানুষকে অসুস্থ করে ফেলত, তা দূর হয়ে যাচ্ছে। এর একটি মূল কারণ হল টিকা র ব্যবহার। টিকা সেই অসুখগুলিকে প্রতিরোধ করে যেগুলি এক ব্যক্তির কাছ থেকে অন্য ব্যক্তির কাছে সংক্রমিত হয়। যখন আপনি আপনার প্রয়োজনীয় টিকা নেন, আপনি নিজেকে এবং নিজের প্রিয়জনদের অসুস্থ হওয়া থেকে রক্ষা করতে পারেন।

টিকা কিভাবে কাজ করে?

টিকা সেই একই ভাইরাস থেকে তৈরী হয় (যাকে জীবাণু বলা হয়) যার কারণে অসুখ হয়। টিকা তৈরিতে ব্যবহৃত জীবাণু হয় “মৃত” থাকে নয় দুর্বল হয়। এটি আপনাকে অসুস্থ করবে না। এর পরিবর্তে এটি আপনার শরীরকে জীবাণু এবং তার কারণে হওয়া অসুখের সাথে লড়াই করতে সাহায্য করে।

কাদের টিকা নেবার প্রয়োজন আছে?



এর কি কোন পার্শ্ব-প্রতিক্রিয়া আছে?

টিকা নেবার পরে কারো কারো সামান্য পার্শ্ব-প্রতিক্রিয়া হতে পারে। সেগুলি এক-দুই দিনের মধ্যে চলে যায়।




ব্যথা/লালাভ

হালকা ফুসকুড়ি

হালকা স্বর

টিকা নেবার পরে কোন কোন ব্যক্তির অস্বাভাবিক, খারাপ প্রকৃতির পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা দিতে পারে। বেশীরভাগ সময়ে, টিকা নেবার পরে সেগুলি কয়েক মিনিট বা কয়েক ঘন্টার জন্য থেকে থাকে।



নিঃশ্বাসপ্রশ্বাসে কষ্ট

মাথা ঘোরার অনুভূতি

ফুসকুড়ি/চুলকানি

গলা ফোলা

আমার কোন ধরণের টিকা নেবার প্রয়োজন আছে?

অন্য দিকের টেবিল দেখায় প্রাপ্তবয়স্ক এবং শিশুদের কোন কোন প্রকারের টিকা নেবার প্রয়োজন আছে। যেসব প্রাপ্তবয়স্ক ব্যক্তিগণ শৈশবকালে সব রকমের টিকা পান নি, তাদের আরো বেশী টিকা নেবার প্রয়োজন হতে পারে। আপনার কোন কোন টিকা র প্রয়োজন আছে জানতে আপনার চিকিৎসকের সাথে কথা বলুন।

আমার চিকিৎসকের নাম:

আমার চিকিৎসকের ফোন নম্বর:

আরো তথ্যের জন্য, www.vaccines.gov-ওয়েবসাইট দেখুন।

সুস্থ থাকতে আপনার টিকা নিন

আপনার স্বাস্থ্য পরীক্ষার জন্য আপনার চিকিৎসককে দেখান এবং আপনার প্রয়োজন অনুযায়ী যেকোন নতুন টিকা নিন।

নিচে উল্লেখিত টিকা গুলি এনার প্রয়োজনঃ _____
 (নাম) (বয়স)
 আপনার পরবর্তী সাক্ষাৎ হলঃ _____ (এম/পিএম) _____
 (তারিখ) (সময়) (জন্মতারিখ)

আপনার যে টিকা গুলির প্রয়োজন	এটিকে কি বলা হয়?	এটি কাদের প্রয়োজন?			এই টিকা কোন অসুখ প্রতিবোধে সাহায্য করে?	এই অসুখে কি হয়?
		কেবলমাত্র শিশুদের জন্য	শিশু এবং প্রাপ্তবয়স্ক	কেবলমাত্র প্রাপ্তবয়স্কদের জন্য		
<input type="checkbox"/>	ডিটিএপি অথবা টিডি/টিডিএপি		X		ডিপথেরিয়া ধনুষ্টংকার পার্তুসিস্	জ্বর, গলা ব্যথা এবং শৈত্যবোধ যন্ত্রনাদায়ক মাংসপেশীর খিঁচুনি এবং নিঃশ্বাসপ্রশ্বাসে বা গলাধঃকরণে খুব কষ্ট মারাত্মক কাশি এবং নিঃশ্বাসপ্রশ্বাসে, খেতে এবং পান করতে খুব কষ্ট
<input type="checkbox"/>	ফ্লু		X		ফ্লু	নাক, গলা এবং ফুসফুসের সংক্রমণ
<input type="checkbox"/>	হেপএ		X		হেপাটাইটিস এ	একপ্রকার যকৃতের অসুখ
<input type="checkbox"/>	হেপবি		X		হেপাটাইটিস বি	একপ্রকার যকৃতের অসুখ
<input type="checkbox"/>	এইচআইবি		X		হেমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি	মস্তিষ্ক এবং মেরুদণ্ডের চারপাশের আন্তরণে সংক্রমণ
<input type="checkbox"/>	এইচপিভি		X		গর্ভাশয় সংক্রান্ত ক্যান্সার যৌনাঙ্গে আঁচিলসমূহ	মহিলাদের একপ্রকারের ক্যান্সার একপ্রকারের অসুখ যা যৌনসঙ্গমের সময় ছড়িয়ে যায়
<input type="checkbox"/>	আইপিভি	X			পোলিও	শরীর নড়াচড়া করতে সমর্থ হয় না অথবা মাঝে মাঝে নিঃশ্বাসপ্রশ্বাসেও কষ্ট হয়
<input type="checkbox"/>	এমসিভি4		X		মেনিংগোকোক্যাল	মস্তিষ্ক এবং মেরুদণ্ডের চারপাশের আন্তরণে সংক্রমণ
<input type="checkbox"/>	এমএমআর		X		হাম মাম্পস্ রুবেলা	জ্বর, ফুসকুড়ি, নাক দিয়ে জল পড়া এবং কাশি জ্বর, মাথাব্যথা এবং মুখের ভিতরের যে অংশ থুথু তৈরী করে তার প্রদাহ জ্বর, স্ফীত লালাগ্রন্থি, এবং ফুসকুড়ি
<input type="checkbox"/>	পিসিভি		X		নিউমোকোক্যাল	ফুসফুসের সংক্রমণ
<input type="checkbox"/>	আরভি	X			রোটাইভাইরাস	জ্বর, বমি করা এবং পেটের অসুখ
<input type="checkbox"/>	ভ্যারিসেলা				চিকেন পক্স	সারা শরীরে চুলকানি জাতীয় ফুসকুড়ি
<input type="checkbox"/>	জোস্টার			X	শিঙ্গলস্	যন্ত্রনাদায়ক ফুসকুড়ি এবং ফোঁকা

* শিশুদের বয়স 0 থেকে 18

নিজেকে এবং নিজের প্রিয়জনদের সুস্থ রাখুন। আপনার টিকা নিন।